

বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থবছরের এপিএ বাস্তবায়ন প্রণোদনা প্রদান কমিটির সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদানের লক্ষ্যে বিগত ০৩-০৫-২০২১ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ০৩.০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব এবং সভাপতি, এপিএ বাস্তবায়ন প্রণোদনা প্রদান কমিটি এর সভাপতিত্বে (রুম নং-৬২৮, ৪নং ভবনের ৬ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

২। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়টি উপস্থাপনের জন্য এ বিভাগের যুগ্মসচিব ও এপিএ বাস্তবায়ন প্রণোদনা প্রদান কমিটির সদস্য জনাব মো: রফিকুল হাসানকে আহ্বান জানান। এ পর্যায়ে জনাব মো: রফিকুল হাসান জানান যে, ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক নং [২.৫.১] এ ন্যূনতম একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানের বিধান রয়েছে এবং তদনুযায়ী এ বিভাগের এপিএ বাস্তবায়নের সহিত জড়িত ন্যূনতম একজন কর্মচারীকে প্রণোদনা প্রদানের জন্য নির্বাচিত করা প্রয়োজন। এ পর্যায়ে সভাপতি মহোদয় এ বিভাগের এপিএ বাস্তবায়নে কাজের স্বীকৃতিস্বরূপ প্রণোদনা প্রদানের জন্য নিরপেক্ষভাবে দুজন কর্মচারীকে মনোনীত করার জন্য কমিটির সদস্যদেরকে অনুরোধ করেন। উল্লেখ্য, মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থার এপিএ টিমের সদস্যদের মধ্য হতে এপিএ বাস্তবায়ন প্রণোদনা প্রদান করা হয়ে থাকে।


৩। সভার এ পর্যায়ে, এপিএ বাস্তবায়ন প্রণোদনা প্রদান কমিটির সকল সদস্য এ বিভাগের কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখার দায়িত্বপ্রাপ্ত উপসচিব জনাব এস.এম. শাফায়েত হোসেন এবং সহকারী সচিব জনাব সৌমেন পালিত বাবুকে এপিএ বাস্তবায়ন সংক্রান্ত কাজের স্বীকৃতিস্বরূপ প্রণোদনা প্রদানের লক্ষ্যে মনোনয়ন প্রদানের জন্য অভিমত পোষণ করেন।

৪। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়, যথা:-

(ক) এ বিভাগের উপসচিব (ডা:) জনাব এস.এম. শাফায়েত হোসেন এবং সহকারী সচিব (ডা:) জনাব সৌমেন পালিত বাবুকে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২০২১ অর্থ বছরের এপিএ বাস্তবায়ন সংক্রান্ত কাজের স্বীকৃতিস্বরূপ প্রণোদনা প্রদানের জন্য চূড়ান্তভাবে মনোনীত করা হলো;

(খ) উক্ত কর্মকর্তাবৃন্দকে একটি করে সার্টিফিকেট ও ট্রেস্ট প্রদান করা হবে।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।


(মো: মইনুল কবির)

সচিব

ও

সভাপতি, এপিএ বাস্তবায়ন প্রণোদনা প্রদান কমিটি।